শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-০৮/২০১৭-১৮/ ১৪৫

তারিখ ঃ ০৫.১০.২০১৭ খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ও
ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

বিষয় ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের সঞ্চয়ী আমানত নীতিমালা এবং আমানত সংগ্রহ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে ব্যাংকের ২৪.১০.২০১৬ তারিখের পসব্য/প্রকা/পরি-০৭/২০১৬-১৭/২৭৩ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে পরিচালনা বোর্ডের ২৭ সেপ্টেম্বর,২০১৬ তারিখে অনুষ্ঠিত ১৬শ সভায় অনুমোদিত সঞ্চয়ী আমানত নীতিমালা, সঞ্চয়ী আমানত হিসাব খোলার ফরম, নমুনা স্বাক্ষর কার্ড প্রেরণ করা হয় এবং নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। ব্যাংকের কার্যক্রম অনলাইনে পরিচালনার বিষয়ে ইতোমধ্যে আপনাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। খুব শীঘ্রই শাখাসমূহের আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রেরণ করা হবে।

০৩। এমতাবস্থায়, নীতিমালা অনুযায়ী সমিতির সদস্য ও সদস্য পরিবারের ব্যক্তিদের নামে সঞ্চয়ী আমানত হিসাব খোলা এবং আমানত সংগ্রহের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। আমানতের টাকা উত্তোলণের বিষয়ে নিয়ম ও পদ্ধতি পরবর্তীতে জানানো হবে। আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সঞ্চয়ী আমানত নীতিমালা এবং আমানত হিসাব খোলার ফরম এতদসঙ্গে পুনরায় প্রেরণ করা হলো। ওয়েবসাইট হতে আমানত হিসাব খোলার ফরম প্রিন্ট করে ব্যবহারের জন্য বলা হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ খাইরুল কবির)
উপব্যবস্থাপনা পরিচালক

সংযুক্ত: ৫(পাঁচ) পাতা ১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ
১) চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
২) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩) নথি।

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০।
www.pallisanchaybank.gov.bd

# পল্লী সঞ্চয় ব্যাংকের সঞ্চয়ী আমানত নীতিমালা

দেশের বিশেষ করে পল্লী অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে কৃষির বিভিন্ন সেক্টরে তথা কৃষি, মৎস্যচাষ, হাঁস-মুরগি পালন, গবাদী প্রাণী পালন, নার্সারী সৃজন, ফল ও ফুলের চাষ, জৈবসার উৎপাদন ও ব্যবহার, উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বিপণনসহ উপার্জনমুখী নানান কর্মকান্ড পরিচালনার জন্য নিজেদের সঞ্চয়ে গড়া তহবিল ব্যবস্থাপনায় 'একটি বাড়ি একটি খামার' বাস্তবায়নের স্থায়ী প্রাতিষ্ঠানিক রূপ "পল্লী সঞ্চয় ব্যাংক"। একটি বাড়ি একটি খামার প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে সঞ্চয় প্রবণতা বৃদ্ধি তথা মাইক্রোসেভিংস কার্যক্রম বিশেষ গতি লাভ করে। সঞ্চয় কার্যক্রম অব্যাহত রাখা, প্রয়োজনীয় ঋণ সরবরাহ এবং প্রতি বাড়িকে খামারে রূপান্তর, উৎপাদিত পণ্য প্রক্রিয়াকরণ এবং বিপণনের মাধ্যমে সঞ্চিত আমানত নির্ভরতায় আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে গড়ে ওঠার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে নিম্নোক্ত আমানতসমূহ জমা করা যাবে ঃ

১) বিশেষ সঞ্চয়ী আমানত।
২) সঞ্চয়ী আমানত।
৩) সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী আমানত।
৪) স্কুল ব্যাংকিং বা শিক্ষার্থী সঞ্চয়ী আমানত।
৫) মেয়াদী আমানত।
৬) পল্লী পেনশন স্কীম (PPS)।
৭) চলতি আমানত।

## ১) বিশেষ সঞ্চয়ী আমানত ঃ

১.১.সমিতির প্রতি সদস্যের জন্য এটি একটি আবশ্যিক সঞ্চয়ী আমানত

১.২.নতুন সদস্য হওয়ার সাথে সাথেই সঞ্চয় বাবদ ন্যূনতম ১০ টাকা জমা দিয়ে এ হিসাব খুলতে পারবেন; তবে ঐ মুহূর্তে টাকার সংস্থান না হলে পরবর্তী সময়ে সদস্যের মাসিক আবশ্যিক সঞ্চয় হিসেবে ২০০ টাকা জমা করবেন।

১.৩. এই আমানতে ৫% হারে সুদ প্রদান করা হবে, যা প্রতি ৬ মাস পর পর ৩০ জুন এবং ৩১ ডিসেম্বর তারিখে সংশ্লিষ্ট হিসাবে স্বয়ংক্রিয়ভাবে জমা করা হবে।

## ২) সঞ্চয়ী আমনত ঃ

২.১.সমিতির সদস্যগণ প্রত্যাহিক ২.০০ টাকা করে সমিতিতে সঞ্চয়ের পাশাপাশি আবশ্যিক বিশেষ সঞ্চয়ী হিসাবের অতিরিক্ত এবং পরিবারের সদস্যগণ এ হিসাব খুলতে পারবেন। এ হিসাবে আমানতকারী ইচ্ছানুযায়ী লেনদেন করতে পারবেন।

২.২.এই আমানতে ৪% হারে সুদ প্রদান করা হবে, যা প্রতি ৬ মাস পর পর ৩০ জুন এবং ৩১ ডিসেম্বর সংশ্লিষ্ট হিসাব স্বয়ংক্রিয়ভাবে জমা করা হবে।

## ৩) সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী আমানত ঃ

৩.১.সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত ব্যক্তিগণ (বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, দুস্থ প্রভৃতি) ১০ টাকা দিয়ে ব্যাংকের শাখায় এ হিসাব খুলতে পারবেন।

৩.২.তাদের প্রাপ্য ভাতার কিয়দংশ এ হিসাবে জমা করতে পারবেন, যা বিপদ-আপদে তুলতে পারবেন।

৩.৩.এই আমানতে ৬% হারে সুদ প্রদান করা হবে, যা প্রতি ৬ মাস পর পর ৩০ জুন এবং ৩১ ডিসেম্বর সংশ্লিষ্ট হিসাবে স্বয়ংক্রিয়ভাবে জমা করা হবে।

**৪) শিক্ষার্থী সঞ্চয়ী আমানত ঃ**

৪.১.ব্যাংকের শাখা পর্যায়ের স্থানীয় স্কুল-কলেজের শিক্ষার্থীগণ বয়স নির্বিশেষে ১০ টাকা দিয়ে এ হিসাব খুলতে পারবেন এবং তাদের ইচ্ছেমতো টাকা জমা করতে পারবেন ।

৪.২.নতুন বছরে ভর্তি, পড়াশুনার জন্য বইপত্র ক্রয় ইত্যাদি প্রয়োজনে জমাকৃত আমানতের টাকা অভিভাবকের সম্মতিক্রমে উত্তোলন করতে পারবেন ।

৪.৩. প্রাথমিক, মাধ্যমিক ও অন্যান্য পর্যায়ে শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের জন্য সরকার কর্তৃক প্রদত্ত উপবৃত্তির অংশ এ হিসাবে জমা করা যাবে ।

৪.৪.এই আমানতে ৫% হারে সুদ প্রদান করা হবে, যা প্রতি ৬ মাস পর পর ৩০ জুন এবং ৩১ ডিসেম্বর সংশ্লিষ্ট হিসাব স্বয়ংক্রিয়ভাবে জমা করা হবে ।

**৫) মেয়াদী আমনত ঃ**

৫.১.সমিতির সদস্যগণ বিগত বছরগুলোতে 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের অধীনে উপার্জনমুখি কর্মকান্ডে সংশ্লিষ্ট থাকায় সেসব পরিবারে আর্থিক সঙ্গতি ফিরে আসবে, তাদের ভবিষ্যতের জন্য এককালীন টাকা জমা রাখার ব্যাপারে উদ্বুদ্ধ করা গেলে সদস্য এবং সদস্য পরিবারের ব্যক্তিগণ এ হিসাব খুলতে পারবেন ।

৫.২ .হাজার বা এর গুণিতক যেকোন পরিমাণ টাকা দিয়ে ৩ মাস, ৬ মাস ও ১ -৫ বছরের জন্য এ মেয়াদী আমানত খুলতে পারবেন ।

৫.৩ .এই আমানতে নিম্নোক্ত হারে সুদ প্রদান করা হবে,

৩ মাস থেকে ১ বছর পর্যন্ত – ৫.০০%

৩ বছর মেয়াদী – ৫.২৫%

৫ বছর মেয়াদী – ৫.৫০%

**৬) পল্লী পেনশন স্কীম (PPS- ৫ বছর মেয়াদী) ঃ**

৬.১.সমিতির সদস্যের আয় বৃদ্ধির সাথে সাথে তাকে বহুমুখি সঞ্চয়ের জন্য উদ্বুদ্ধ করতে হবে, যাতে তিনি নিরাপদে এবং আর্থিক সঙ্কটমুক্ত থেকে ভবিষ্যত সময় পার করতে পারেন । এজন্য সদস্য এবং পরিবারভুক্ত অন্যদের নামে মাসিক ১০০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত ( ১০০ এর গুণিতক) সংশ্লিষ্ট হিসাবে জমা করার জন্য PPS হিসাব খোলা যাবে ।

৬.২.মাসের যে কোন সময় সদস্য/আমানতকারী নিজ উদ্যোগে এ হিসাবে টাকা জমা করতে হবে । তবে সংশ্লিষ্ট মাসে কিস্তি জমা দিতে ব্যর্থ হলে পরবর্তি মাসে সুদসহ কিস্তি জমা করতে হবে । পর পর তিন মাস কিস্তি প্রদান বন্ধ থাকলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে ।

৬.৩. ৬% হারে সুদ ধরে ৫ বছর মেয়াদ শেষে নিম্নোক্ত হারে টাকা প্রদান করা হবে-

মাসিক কিস্তি ১০০ টাকা হলে ৬৯৮৬/= টাকা
মাসিক কিস্তি ২০০ টাকা হলে ১৩৯৭২/= টাকা
মাসিক কিস্তি ৩০০ টাকা হলে ২০৯৫৮/= টাকা
মাসিক কিস্তি ৪০০ টাকা হলে ২৭৯৪৪/= টাকা
মাসিক কিস্তি ৫০০ টাকা হলে ৩৪৯৩০/= টাকা

**৭) চলতি আমানত ঃ**

সমিতির সদস্য এবং সদস্যের পরিবারের কোন সদস্যের চলমান ব্যবসায়িক লেনদেন সুষ্ঠুভাবে সম্পন্নকরণ অথবা গ্রহণকৃত ঋণ ধাপে ধাপে/ক্রমান্বয়ে বিনিয়োগের লক্ষ্যে অথবা অন্য কোন প্রয়োজনে দৈনন্দিন লেনদেনের জন্য এ হিসাব খোলা যাবে ।

৭.১. এ আমানতে কোন প্রকার সুদ প্রদান করা হবে না ।

চলমান পাতা-৩-

## বিভিন্ন প্রকার আমানত হিসাবে মুনাফা প্রদানের হার ঃ

আমানতের উপর প্রদেয় মুনফা সময়ে সময়ে ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে। পরবর্তীতে নির্দেশনা না পর্যন্ত মুনাফা নিম্নরূপ হবে ঃ

০১. বিশেষ সঞ্চয়ী আমানত- এই আমানতে বার্ষিক ৫% হারে মুনাফা প্রদান করা হবে।

০২. সঞ্চয়ী আমানত- এই আমানতে বর্ষিক ৪% হারে মুনাফা প্রদান করা হবে।

০৩. সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী আমানত বার্ষিক ৬% হারে মুনাফা প্রদান করতে হবে।

০৪. শিক্ষার্থী সঞ্চয়ী আমানতের উপর বার্ষিক ৫% হারে মুনাফা প্রদান করতে হবে।

০৫. মেয়াদী আমানতঃ

ক) ১ বছর পর্যন্ত মেয়াদী- ৫.০০%

খ) ৩ বছর মেয়াদী- ৫.২৫%

গ) ৫ বছর মেয়াদী- ৫.৫০%

০৬. পল্লী পেনশন স্কীম ঃ এই আমানতের ৫ বছর মেয়াদী হিসাবে চক্রবৃদ্ধি হারে ৬% মুনাফা প্রদান করা হবে।

০৭. চলতি আমানত ঃ ব্যাংকের শাখায় চলতি আমানত হিসাব পরিচালনার ক্ষেত্রে কোন প্রকার মুনাফা প্রদান করা হবে না।

## আমানত হিসাব খোলা সংক্রান্ত ঃ

**সঞ্চয়ী, বিশেষ সঞ্চয়ী, সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী, শিক্ষার্থী সঞ্চয়ী ও চলতি আমানত ঃ**

- ব্যাংকের নির্ধারিত হিসাব খোলার ফরম ও স্বাক্ষর কার্ড পূরণের মাধ্যমে হিসাব খুলতে হবে
- হিসাব খোলার সময় ২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- অসদস্যের হিসাব খোলার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও মোবাইল নম্বর দিতে হবে।
- সদস্য এবং অসদস্য ন্যূনতম ১০ টাকা দিয়ে হিসাব খুলতে পারবেন।
- সকল প্রকার হিসাবের জন্য (KYC) অর্থাৎ গ্রাহককে জানার জন্য বিস্তারিত তথ্য ফরম পূরণ করতে হবে।

**মেয়াদী আমানত হিসাব ঃ**

- একইভাবে ব্যাংকের নির্ধারিত সংশ্লিষ্ট হিসাব খোলার ফরমে এ হিসাব খুলতে হবে।
- ন্যূনতম ৫ হাজার টাকা এবং সর্বোচ্চ যে কোন পরিমাণ অংকের টাকা জমা দিয়ে এ হিসাব খোলা যাবে।
- হিসাব খোলার পরে সংশ্লিষ্ট আমনতকারীকে সমপরিমাণ টাকা উল্লেখ করে একটি রশিদ প্রদান করা হবে।

**পল্লী পেনশন স্কীম (PPS) ঃ**

- ব্যাংকের নির্ধারিত সংশ্লিষ্ট হিসাব খোলার ফরমে এ হিসাব খুলতে হবে।
- আমানতকারী মাসিক কত টাকার এবং কত বছরের জন্য আমানত প্রকল্প পরিচালনা করতে চান তা হিসাব খোলার সময় উল্লেখ করতে হবে।

## আমানত জমাদান ও হিসাবরক্ষণ পদ্ধতি ঃ

**বিশেষ সঞ্চয়, সঞ্চয়ী, সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী, শিক্ষার্থী সঞ্চয়ী ও চলতি হিসাব ঃ**

- হিসাব খোলার সময় প্রাথমিক এবং পরবর্তী সময়ে টাকা জমা দেয়ার জন্য ব্যাংকের দেয়া জমার স্লিপের মাধ্যমে টাকা জমা দিতে হবে।
- আমানতকারীর নিকট রক্ষিত বা প্রদানকৃত জমার রশিদের উভয় অংশে ব্যাংকের ২ জন দায়িত্বপ্রাপ্ত কর্মীর স্বাক্ষর থাকবে।
- জমাকৃত টাকার পরিমাণ আমানতকারীর পাশ বইয়ে উল্লেখ করে নির্দিষ্ট স্থানে ব্যাংক কর্মীর স্বাক্ষর থাকবে।
- ব্যাংক জমাকৃত টাকার হিসাব সংশ্লিষ্ট লেজার এবং অনলাইনে সংরক্ষণ করবে।
- আমানতকারী প্রতি মাসে একবার পাশ বই এনে অফিসে সংরক্ষিত হিসাবের সাথে ব্যালেন্স মিলিয়ে সঠিকতা নিশ্চিত করবেন এবং শাখা ব্যবস্থাপক পাশ বই-এর যথাযথ স্থানে স্বাক্ষর প্রদান করে পাশ বই আমানতকারীকে ফেরত দিবেন।
- পাশ বইয়ে এন্ট্রি ছাড়া কোন আমানত গ্রহণ করা যাবে না এবং আমানতকারীও কোন আমানত জমা না দেন এ ব্যাপারে তাকে পরামর্শ প্রদান করতে হবে।

**মেয়াদী আমানত ঃ**

- আমানতকারীর জমাকৃত টাকার সমপরিমাণ টাকার একটি রশিদ আমানতকারীকে প্রদান করা হবে।
- আমানতকারী আমানত ভাঙ্গানোর আগ পর্যন্ত এর রশিদ নিজের কাছে স্বযত্নে সংরক্ষণ করবেন। কোন অবস্থায় যদি এ রশিদ হারিয়ে যায়, তাহলে সংশ্লিষ্ট সমিতির সভাপতি ও ম্যানেজারের সুপারিশ নিয়ে অফিস থেকে ডুপ্লিকেট রশিদ সংগ্রহ করতে পারবেন।
- আমানতকারীর টাকা গ্রহণের মেয়াদী আমানত রশিদে শাখার দায়িত্বপ্রাপ্ত ২ জন কর্মীর সীলসহ স্বাক্ষর থাকবে।
- সংশ্লিষ্ট হিসাবে জমাকৃত টাকার হিসাব ব্যাংকের শাখায় নির্দিষ্ট লেজার/রেজিস্টারে সংরক্ষণ করা হবে।

**পল্লী পেনশন স্কীম (PPS) ঃ**

- ব্যাংকের জমা স্লিপের মাধ্যমে উক্ত আমানতের টাকা জমা করা হবে এবং একইভাবে আমানতকারীর প্রাপ্ত জমার রশিদের অংশে ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত ২ জন কর্মীর স্বাক্ষর থাকবে।
- সমিতির সদস্যদের পল্লী পেনশন স্কীমের টাকা মাসিক সভায় জমাদানের জন্য উদ্বুদ্ধ করতে হবে।
- PPS-এর পাশ বইয়ে জমাকৃত টাকার এন্ট্রি দিয়ে স্বাক্ষর দিতে হবে।
- জমাকৃত টাকা ব্যাংকের নির্ধারিত লেজারে আমানতকারীর নামে জমা করে সংরক্ষণ করা হবে।

## <u>বিভিন্ন প্রকার আমানত উত্তোলন সংক্রান্ত ঃ</u>

**বিশেষ সঞ্চয়, সঞ্চয়ী, সামাজিক নিরাপত্তা সঞ্চয়ী, শিক্ষার্থী সঞ্চয়ী ও চলতি আমানত ঃ**

- আমানতকারীকে দেয় টাকা চেক অথবা উইথড্রল স্লিপের মাধ্যমে উত্তোলন করা যাবে।
- উত্তোলিত টাকার পরিমাণ পাশ বইয়ে যথাস্থানে এন্ট্রি দিয়ে ব্যালেন্স লিখে স্বাক্ষর দিতে হবে।
- একইভাবে ব্যাংকে রক্ষিত লেজার/রেজিস্টারেও এন্ট্রি দিতে হবে।
- শাখায় রক্ষিত লেজারের সাথে পাশ বইয়ে ব্যালেন্স মিলিয়ে না দেখে কোনভাবেই উত্তোলন করা যাবে না।
- আমানতকারী অনিয়মিত সদস্য হলে এবং এলাকায় অনুপস্থিত থাকলে ঋণ বিতরণের শর্ত মোতাবেক তার নিকট পাওনা ঋণের টাকা আমানত হিসাব থেকে স্থানান্তরের মাধ্যমে সমন্বয়ের জন্য উত্তোলন করা যাবে।
- হিসাবে সর্বনিম্ন ১০০ টাকা ব্যালেন্স রেখে বাকি টাকা উত্তোলন করা যাবে।
- হিসাব বন্ধ করতে চাইলে ১০০ টাকা সার্ভিস চার্জ বাবদ রেখে বাকি টাকা প্রদান করা যাবে।

**মেয়াদী আমানত ঃ**

- মেয়াদান্তে বা পূর্বেই সংশ্লিষ্ট আমানতের টাকা উত্তোলন করতে চাইলে আমানতকারীকে দেয় রশিদ বুঝে নিয়ে এবং রশিদের বিপরীত পাতায় আমানতকারীর প্রাপ্তিস্বীকার রেখে আমানতের টাকা প্রদান ফেরৎ করা যাবে।
- আমানতকারী ঋণ গ্রহণকারী অনিয়মিত সদস্য হলে তার নিকট থেকে ঋণের পাওনা টাকা রেখে অবশিষ্ট টাকা আমানতকারীকে বুঝিয়ে দিতে হবে। তবে গ্রহণকৃত ঋণের পাওনা টাকা তার ঋণের পাশ বইয়ে জমা দিয়ে দিতে হবে এবং অফিসে ঋণের হিসাব সংরক্ষিত লেজারে পোস্টিং দিতে হবে।

**পল্লী পেনশন স্কীম (PPS) ঃ**

- আমানতকারী মেয়াদ পূর্তির পরে যথানিয়মে তার প্রাপ্য টাকা বুঝে নিবেন।
- কোন কারণে মেয়াদ পূর্তির আগেই হিসাব বন্ধ করতে চাইলে নিয়ম মোতাবেক মুনাফাসহ টাকা প্রাপ্তি স্বীকার দিয়ে উত্তোলন করতে পারবেন।
- আমানতকারী যদি সমিতির অনিয়মিত ঋণী হন তাহলে তার নিকট থেকে পাওনা টাকা রেখে অবশিষ্ট টাকা বুঝিয়ে দিতে হবে। ঋণের পাওনা টাকা ঋণীর পাশ বইয়ে এবং ব্যাংকের ঋণ হিসাবের লেজারে এন্ট্রি দিতে হবে।

ব্যক্তির জন্য

হিসাব পরিচালনাকারীগণের সত্যায়িত ছবি

পল্লী সঞ্চয় ব্যাংক
----------------শাখা

## ব্যক্তি (একক/যৌথ) হিসাব খোলার ফরম

ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
--------------------শাখা

জনাব,

আমি/আমরা আপনার ব্যাংকের শাখায় নিম্নবর্ণিত নামে একটি সঞ্চয়ী/বিশেষ সঞ্চয়ী/চলতি/------------------- হিসাব খুলতে আগ্রহী। আমি/আমরা আপনার ব্যাংকের হিসাব পরিচালনা সম্পর্কিত নিয়মকানুন ভালভাবে অবহিত হয়েছি এবং তা মেনে চলার অঙ্গীকার করছি।

১। হিসাবের নামঃ--------------------------------------------------------------------------------------------

২.১। আবেদনকারী/আবেদনকারীগণের ব্যক্তিগত পরিচয়ঃ

(ক) নামঃ--------------------(খ) পিতা/স্বামীর নামঃ---------------------(গ) মাতার নামঃ------------------

(ঘ) গ্রামঃ--------------------------উপজেলাঃ--------------------------জেলাঃ----------------------------

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ---------------------------------------------------------------------------

২.২। (ক) নামঃ--------------------(খ) পিতা/স্বামীর নামঃ---------------------(গ) মাতার নামঃ---------------

(ঘ) গ্রামঃ--------------------------উপজেলাঃ--------------------------জেলাঃ----------------------------

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ---------------------------------------------------------------------------

৩। হিসাব পরিচালনাকারী/পরিচালনাকারীগণের নাম ও স্বাক্ষরঃ

(ক) নামঃ-------------------------------------------------- স্বাক্ষরঃ--------------------------------------------

(খ) নামঃ-------------------------------------------------- স্বাক্ষরঃ--------------------------------------------

৪। পরিবারের কোন সদস্য একটি বাড়ি একটি খামার প্রকল্প বা পল্লী সঞ্চয় ব্যাংকের কোন সমিতির সদস্য হলেঃ

(ক) সমিতির নাম :

(খ) সদস্যের নাম :

(গ) পরিচিতি নম্বর :

৪। মৃত্যুজনিত কারণে মনোনীত যে ব্যক্তি/ব্যক্তিগণ হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করার অধিকারী হবেনঃ

| মনোনীত ব্যক্তি/ব্যক্তিবৃন্দের নাম | সম্পর্ক | প্রাপ্য অংশ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৫। হিসাব খোলার সময় নগদ/চেকের মাধ্যমে জমাকৃত টাকার পরিমাণঃ---------------------------------------------

আপনার বিশ্বস্ত

১। ----------------------------

২। ----------------------------

(আবেদনকারী/আবেদনকারীগণের সম্পূর্ণ নাম)

**পরিচয় প্রদানকারী**

ক) স্বাক্ষরঃ-----------------------------------------খ) নামঃ-----------------------------------------
গ) ঠিকানাঃ-------------------------------------------------------------------------------------------
-----------------------------------------------ঘ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ----------------------------
ঙ) হিসাব নম্বরঃ-----------------------------------------------------------------------------------

আজকের সঞ্চয়-আগামীর নিরাপত্তা
নিজে সঞ্চয় করুন ও অন্যকে উৎসাহিত করুন